দৈনিক ইনকিলাব

তারিখ ..13 FEB 1989
পৃষ্ঠা ... ৫ কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

012

# শিক্ষাঙ্গন

## মাদ্রাসা টেক্সট বুক বোর্ড গঠন প্রসঙ্গে

শিক্ষাই জাতির ভাগ্য উন্নয়নের চাবিকাঠি। শিক্ষা ব্যতীত কোন সভ্য জাতির কল্পনা করা যায় না। আমাদের দেশেও দু'হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা বাস্তবায়নের বিভিন্ন পদক্ষেপ হাতে নেওয়ার কথা সত্যিই গৌরবের বিষয়। বাংলাদেশ মুসলিম অধ্যুষিত দেশ। ইসলাম এই দেশের রাষ্ট্রধর্ম। আবহমানকালব্যাপী এদেশে দু'ধরনের শিক্ষা প্রতিষ্ঠান চালু রয়েছে।

একটা সাধারণ শিক্ষা অপরটি মাদ্রাসা শিক্ষা। ইসলামী রাষ্ট্র হিসাবে জাতি গঠনে মাদ্রাসা শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাধারণ শিক্ষা উন্নয়নকল্পে পঞ্চম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বই বিতরণ ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায় জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের অধীনে ছাত্ররা ন্যায্যমূল্যে বইপত্র ক্রয় করে লেখাপড়ার সুযোগ গ্রহণ করে আসছে। কিন্তু মাদ্রাসার ছাত্রদের জন্য কোন টেকস্ট বুক বোর্ড না থাকায় বই ব্যবসায়ীদের শোষণের যাঁতাকলে নিষ্পেষিত হচ্ছে মাদ্রাসার ছাত্ররা।

দরিদ্র ছাত্রদের অনেকেরই বইপত্র ক্রয় ক্ষমতার বাইরে হওয়ার দরুন শিক্ষা জীবন থেকে তাদের দূরে সরে আসতে হচ্ছে। মাদ্রাসায় শিক্ষা গ্রহণ করে ছাত্ররা সমাজে সংস্কারমূলক কাজ করার সুযোগ পায়। সরকার যদি মাদ্রাসা টেকস্ট বুক বোর্ড গঠনের মাধ্যমে কোরআন, হাদীস ও ফিকাহ তথা মাদ্রাসার পূর্ণাঙ্গ সিলেবাস-এর যাবতীয় পাঠ্য পুস্তকসমূহ প্রকাশের ব্যবস্থা করেন তাহলে মাদ্রাসার ছাত্ররা অসাধু ব্যবসায়ীদের হাত থেকে রেহাই পেতে পারে। এ বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের ভেবে দেখা প্রয়োজন।

—মোঃ আবু তৈয়ব